

## বিভ্রান্তি থেকে এইচএসসি পরীক্ষার্থীদের রেহাই দিন

Communicative পদ্ধতিতে উচ্চ মাধ্যমিক শ্রেণীর ইংরেজি পরীক্ষা এ বছর প্রথম অনুষ্ঠিত হবে। ফলে বর্তমানের পরীক্ষার্থী, অভিভাবক, শিক্ষক সবাই নতুন পদ্ধতির সুবিধা-অসুবিধার অভিজ্ঞতা অর্জন করতে অধীর আগ্রহে অপেক্ষা করছেন। কিন্তু তরুণ থেকেই প্রাপ্ত ও উত্তরদানের পদ্ধতি অঙ্ককারে রাখায় ১ম বর্ষ অনুমাননির্ভর শিক্ষাদান ও শিক্ষাপাঠ হয়েছে। বাজারে Model Test Paper নামে যেসব গাইড বই চালু ছিল তারাও বিভ্রান্তি বাড়িয়ে আতঙ্ক সৃষ্টি করে বই কেনানোর কৌশল অবলম্বন করে। অবশেষে, ক্ষমা করা উচিত নয় এমন বিলম্বে NCTB একটি দিকনির্দেশনা প্রদান করে Teacher's Guide প্রকাশের মাধ্যমে। কিন্তু TG-র দূরতম সংস্করণ জটিলতার সৃষ্টি করে। বাজারের বইগুলোও এই বিভ্রান্তির শিকার হয়। ফলে শিক্ষার্থী, যারা সরাসরি TG পাওয়ার কথা নয় এবং যেসব শিক্ষক TG-র প্রথম সংস্করণ হাতে পেয়েছেন তাদের বিভ্রান্তি রয়ে গেল তাদের অগোচরেই। যেমন ১ম পত্রের ১৩ নং Paragraphটি ১ম সংস্করণে ২০০ শব্দের হতে হবে বলা হলেও ২য় সংস্করণে ১০০ শব্দের কথা বলা হয়েছে। পরীক্ষার্থীদের বিভ্রান্তি দূর করতে বোর্ড কর্তৃপক্ষের গণমাধ্যমের মাধ্যমে বিশেষ করে টেলিভিশনের মাধ্যমে নিম্নের বিষয়গুলো পরিচার করা

উচিত। (১) TG-র Sample প্রশ্ন অনুযায়ী ১ম পত্রের ৯নং এবং ১০নং প্রশ্নের বিষয়বস্তু পাঠ্যবইয়ের কোন Lesson সম্পর্কিত হবে। (২) ১ম এবং ২য় উভয় পত্রের ৯নং ও ১০নং প্রশ্নের উত্তরদানের কৌশল TG প্রদত্ত Sample উত্তরের মতো শুধু শূন্যস্থানে যা বসবে তাই বসাতে হবে। (৩) উভয় পত্রের ৩নং ও ৬নং শূন্যস্থানের উত্তরে যা হবে শুধু তাই বসবে। (৪) ১ম পত্রের ৪, ৫ ও ৭নং প্রশ্নের উত্তর TG-র Sample উত্তরের মতো সংক্ষিপ্ত হলে কোন সমস্যা হবে না বরং যথাযথ হবে। (৫) ১২ নং প্রশ্নের Re-ordering Sentence-এর উত্তরে শুধু ক্রমাঙ্কে ক্রমিক নম্বর দিতে হবে। (৬) ১ম পত্রের ১৩ নং ও ২য় পত্রের ১১ নং-এর Paragraph পরীক্ষার্থীদের ব্যক্তিগত অভিজ্ঞতা থাকতে পারে এমন বিষয়ই হবে। অবশ্যই কোন 'তাত্ত্বিক বিষয়' হবে না। (৭) ২য় পত্রের ৪ নং প্রশ্নের উত্তর a=III, b=v এভাবে শুধু সংখ্যা দিয়ে প্রকাশ করতে হবে। (৮) ২য় পত্রের ১২ নং এবং ১৪ নং প্রশ্নের উত্তর লিখার ক্ষেত্রে একটি Paragraph-এর মধ্যেই সীমাবদ্ধ রাখা উচিত। TG প্রদত্ত নির্দেশিকা পাওয়ার পর উপরোক্ত বিষয়সমূহ নিয়ে বিভ্রান্তি থাকার কথা নয়। TG প্রদত্ত পদ্ধতির ভালমন্দ নিয়ে আলোচনা সমালোচনা হতে পারে। পরামর্শও দেয়া যেতে পারে, কিন্তু পরবর্তী

নির্দেশ পাওয়ার আগ পর্যন্ত TG নির্দেশিকাই অনুসরণ করা উচিত। তথ্য ও বিষয়গুলো স্পষ্ট করে বলতে বসার কারণ কোন কোন কলেজের সম্মানিত শিক্ষকবৃন্দ এবং বিভিন্ন কোচিং সেন্টার বা প্রাইভেট টিউটররা TG নির্দেশনা অনুসারে পরীক্ষার্থীদের তৈরি করছেন না। এর পরিণাম অত্যন্ত অসুস্থ হতে পারে। আরও একটি বিষয়ে বোর্ড কর্তৃপক্ষের সজাগ থাকতে হবে, যেন বাজারে পাওয়া যায় এমন কোন গাইডের Model প্রশ্ন প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রশ্নে স্থান না পায়। এতে সেই গাইড যেমন একচেটিয়া ব্যবসা করবে তেমনি সেই গাইড যারা অনুশীলন করেছে তাদের সঙ্গে অন্যদের ব্যবধান অনেক বেড়ে যাবে। ইংরেজি ২য় পত্র অর্থাৎ Unseen Comprehension যেন অবশ্যই Unseen থাকে। অর্থাৎ কোনক্রমেই যেন কোন বিশেষ গাইডের শিক্ষার্থীদের জন্য Seen-এ পরিণত না হয়। এ বিষয়টি উপেক্ষিত হলে Communicative পদ্ধতির উদ্দেশ্যই প্রহসনে পরিণত হবে। তবে ১ম বছরের পরীক্ষার্থীদের জন্য প্রশ্ন প্রণয়নের ক্ষেত্রে যথাসম্ভব উদার দৃষ্টিভঙ্গি রাখা উচিত।

শরীফ মোঃ আশরাফুল হক  
প্রভাষক ইংরেজি, নবীনগর মহিলা কলেজ ও পরীক্ষক,  
কুমিল্লা বোর্ড, নবীনগর, বি-বাড়ীয়া